



বাংলাদেশ শিল্পকলা একাডেমি  
Bangladesh Shilpakala Academy

স্মারক নং-বাশিএ/ডিজি/বিবিধ/২০১৯/০০৮

তারিখঃ ২ জানুয়ারি ২০১৯


বিষয়: শহীদ মিনার-পরিষ্কার-পরিচ্ছন্নকরণ কর্মসূচি পালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে বাঙালির জাতীয় জীবনের অন্যতম গৌরবোজ্জ্বল অধ্যায় ভাষা আন্দোলন। মহান একুশে এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ভাষা আন্দোলনের চেতনাকে সম্মুখ রাখতে সারা বাংলাদেশে শুধু নয় বিশ্বের বিভিন্ন দেশে নির্মিত হয়েছে শহীদ মিনার। শহীদ মিনার আমাদের নবজাগরণের প্রতীক, ঐতিহ্য, স্বপ্ন ও সংগ্রামের প্রতীক।

সেই চেতনাকে সম্মুখ রাখতে পিপলস থিয়েটার এসোসিয়েশন বেশ কয়েক বছর যাবত বাংলাদেশের সকল শহীদ মিনার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে কর্মসূচি পালন করে চলেছে। প্রতি বছর ১৩ জানুয়ারি এই কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এই কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে আগামী ১৩ জানুয়ারি ২০১৯, রবিবার, সুবিধামতো সময়ে আপনার জেলার যে কোন একটি শহীদ মিনার পরিষ্কার পরিচ্ছন্ন করার কর্মসূচি গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি এবং আপনার জেলার শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়) ও অন্যান্য সংগঠনকেও এই কর্মসূচিতে সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। প্রাণের মিনার সারা বছর পরিচ্ছন্ন থাকুক এই কামনা।

আশা করি, 'স্মৃতির মিনার মোর পবিত্র, ভাষার মান সম্মুখ' এই প্রত্যয় বাস্তবায়ন করার ক্ষেত্রে এই কর্মসূচি একটি আন্দোলনে রূপান্তরিত হবে এবং এই আন্দোলনের মাধ্যমে আমাদের স্মৃতির মিনারকে পবিত্র রাখতে পারবো এবং সম্মুখ রাখবো মাতৃভাষার মান।

জেলা কালচারাল অফিসার

  
লিয়াকত আলী লুৎফী  
মহাপরিচালক  
বাংলাদেশ শিল্পকলা একাডেমি